

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৮৫২

১/ বিবিধ

আরবী

من عال أهل بيت من المسلمين يومهم وليلتهم غفر الله له ذنوبه
موضوع

رواه ابن عساكر (4 / 217 / 1) عن المنذر بن زياد: أخبرنا عبد
الله بن الحسن بن الحسن بن علي بن أبي طالب عن أبيه عن جده مرفوعا. قلت
: وهذا موضوع آفته المنذر هذا. قال الدارقطني: " متروك ". وقال الفلاس
كان كذابا

وقال الساجي: " يحدث بأحاديث بواطيل وأحسبه ممن كان يضع
الحديث ". وذكر ابن قتيبة عن أهل الحديث أنهم مقرون بأن المنذر هذا وضع
حديثين ذكرهما. قلت: فالعجب من السيوطي كيف سود كتابه " الجامع الصغير "
بهذا

الحديث من رواية ابن عساكر هذه؟! مع أنه في " الجامع الكبير " بين علته، فقال
: " رواه أبو بكر عبد الله بن حبان في " فضائل أعمال البر "، وابن عساكر
والرافعي، عن علي، وفيه المنذر بن زياد، متروك ". وأما المناوي فقد بيض له ولم
يتكلم عليه بشيء

বাংলা

১৮৫২। মুসলিমগণের মধ্য হতে যে আহলেবাইতের একদিন ও রাতের প্রয়োজন মিটাবে আল্লাহ তা'আলা তার

গুনাহগুলো ক্ষমা করে দিবেন।

হাদীসটি বানোয়াট।

এটিকে ইবনু আসাকির (৪/২১৭/১) মুনযির ইবনু যিয়াদ হতে, তিনি আব্দুল্লাহ ইবনুল হাসান ইবনুল হাসান ইবনু আলী ইবনু আবী তালেব হতে, তিনি তার পিতা হতে, তিনি তার দাদা হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এটি বানোয়াট। এর সমস্যা হচ্ছে মুনযির। দারাকুতনী বলেনঃ তিনি মাতরুক। ফাল্লাস বলেনঃ তিনি মিথ্যুক ছিলেন। সাজী বলেনঃ তিনি বাতিল হাদীস বর্ণনাকারী। আমি ধারণা করছি তিনি হাদীস জালকারীদের অন্তর্ভুক্ত ছিলেন।

ইবনু কুতাইবাহ আহলেহাদীসদের উদ্ধৃতিতে উল্লেখ করেছেন যে, তারা স্বীকার করেছেন যে, মুনযির দু'টি হাদীস জাল করেছেন।

আমি (আলবানী) বলছি আজব ব্যাপার এই যে, সুযুতী হাদীসটি ইবনু আসাকিরের বর্ণনায় “আলজামেউস সাগীর” গ্রন্থে উল্লেখ করে কালিমালিগু করেছেন। অথচ তিনি এ গ্রন্থেই এর সমস্যা বর্ণনা করে বলেছেনঃ এটিকে আবু বাকর আব্দুল্লাহ ইবনু হিব্বান “ফায়াইলু আ'মালিল বির” গ্রন্থে, ইবনু আসাকির ও রাফেঈ আলী (রাঃ) হতে বর্ণনা করেছেন। আর এর সনদের মধ্যে মুনযির ইবনু যিয়াদ রয়েছে যিনি মাতরুক। তা সত্ত্বেও মানবী কিছুই বলেননি।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72735>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন